দৈনিক বাংলা

তারিখ 26 NOV 1993

পৃষ্ঠা ... কলাম ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর।

সূত্র নং-০৬(১০১) রেজিঃ/ভর্তি/৯৩-৩৩১২ তারিখ : ৩০-৭-১৪০০বাং / ১৪-১১-৯৩ইং

**বিষয় : ১৯৯৩-৯৪ শিক্ষা বর্ষে ১ম বর্ষে ডিগ্রী পাস ও অনার্স শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত কলেজসমূহে ১৯৯৩-৯৪ শিক্ষা বর্ষে প্রথম বর্ষ ডিগ্রী পাস ও ডিগ্রী অনার্স কোর্সে ভর্তি ও রেজিস্ট্রেশন সংক্রান্ত তফসিল নিম্নে দেয়া হল :

১। ভর্তির সময়সীমা : □ বিলম্ব ফি ছাড়া ভর্তির শেষ তারিখ ২৩-১২-৯৩ □ ক্লাস শুরু হওয়ার শেষ তারিখ ২৬-১২-৯৩ □ বিলম্ব ফিসহ ভর্তির শেষ তারিখ ১৫-০৩-৯৪ □ বিলম্ব ফি ছাড়া রেজিস্ট্রেশন ফরম জমা দেয়ার শেষ তারিখ ৩০-০৩-৯৪ □ বিষয়, বিভাগ ও কোর্স পরিবর্তনের শেষ তারিখ ১৫-০৪-৯৪ □ বিলম্ব ভর্তি ফি ও বিলম্ব রেজিস্ট্রেশন ফিসহ ফরম জমা দেওয়ার শেষ তারিখ ৩০-০৪-৯৪।

২। ভর্তির যোগ্যতা :

(ক) ডিগ্রী পাস কোর্স-উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/আলিম/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বর্তমান বছর অর্থাৎ ১৯৯৩ সাল ছাড়াও পূর্ববর্তী দু'বছর অর্থাৎ ১৯৯২ এবং ১৯৯১ সালে এইরূপ পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণও ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে। তবে পূর্ববর্তী বছরে পাস ছাত্র/ছাত্রীদেরকে কলেজের অধ্যক্ষ/প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট থেকে শিক্ষা বিরতির প্রত্যায়ন পত্র দাখিল করতে হবে।

(খ) ডিগ্রী অনার্স কোর্স :

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/আলিম/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ তবে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনপক্ষে ২য় বিভাগে অথবা একটিতে প্রথম বিভাগ ও অপরটিতে তৃতীয় বিভাগ এবং যে বিষয়ে অনার্স কোর্সে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে কিংবা সংশ্লিষ্ট বিষয়ে অন্তত শতকরা ৪৫% নম্বর থাকতে হবে। শুধু ১৯৯২ এবং ১৯৯৩ সালে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরাই সম্মান শ্রেণীতে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

বিজ্ঞান গ্রুপ থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট সমমানের পরীক্ষায় ৫০% নম্বর পেয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা কলা/সামাজিক বিজ্ঞান বিভাগে অনার্স কোর্সে ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে।

বাণিজ্যিক গ্রুপ থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় ৫০% নম্বর পেয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা কলা/সামাজিক বিজ্ঞান বিভাগে অনার্স কোর্সে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

সাবসিডিয়ারী বিষয় নির্বাচন জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেগুলেশন অনুযায়ী হতে হবে।

৩। পাঠ্যক্রম ও পাঠ্যসূচী :

বর্তমান একাডেমিক বছর হতে ডিগ্রী (পাস, সাবসিডিয়ারী ও অনার্স) কোর্সে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসৃত হবে।

৪। নির্ধারিত আসন সংখ্যার বেশী ছাত্র/ছাত্রী কোন কলেজে ভর্তি করা যাবে না।

৫। রেজিস্ট্রেশন :

দুইকপি ফটোসহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হবে। রেজিস্ট্রেশন ফরমের সঙ্গে তিনকপি ভর্তি বিবরণী পাঠাতে হবে। কলেজ কর্তৃপক্ষকে ভর্তির সময় রেজিস্ট্রেশন ফরম ছাত্র/ছাত্রী কর্তৃক পূরণ করিয়ে নিতে হবে।

৬। কোর্স/বিষয়/বিভাগ পরিবর্তন :

কোর্স, বিষয় ও বিভাগ পরিবর্তনের জন্য ছাত্র/ছাত্রীদেরকে অধ্যক্ষের মাধ্যমে রেজিস্ট্রারের বরাবরে ৩৫·০০ (পঁয়ত্রিশ) টাকার ব্যাংক ড্রাফটসহ আবেদন করতে হবে। অধ্যক্ষগণ পত্রগুলো সংগ্রহ করে ফরওয়ার্ডিং পত্রসহ সেগুলি রেজিস্ট্রারের বরাবরে পাঠিয়ে দেবেন। বিষয়/বিভাগ পরিবর্তনের জন্য কোন আবেদনপত্র সরাসরি ছাত্র/ছাত্রীর হাতে হাতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের নিকট প্রেরণ করা যাবে না।

৭। বিভিন্ন ফিসের হার :

(ক) রেজিস্ট্রেশন ফি ৫০·০০ (পঞ্চাশ) টাকা (খ) বিলম্ব ভর্তি ফি ২৫·০০ (পঁচিশ) টাকা (গ) বিলম্ব রেজিস্ট্রেশন ফি ৩০·০০ (ত্রিশ) টাকা (ঘ) ক্রীড়া ও সংস্কৃতি ফি ২০·০০ (বিশ) টাকা (ঙ) বিএনসিসিফি ৫·০০ (পাঁচ) টাকা (চ) রোভার্স স্কাউট ফি ৫·০০ (পাঁচ) টাকা।

৮। ভর্তির সময় কলেজ কর্তৃপক্ষের পালনীয় কর্তব্য :

(ক) এসএসসি এবং এইচএসসির মূল নম্বর ফর্দ এবং মূল প্রশংসাপত্র এবং সেগুলির সত্যায়িত অনুলিপি কলেজ অফিসে দাখিল করতে হবে। সত্যায়িত অনুলিপি রেখে মূল নম্বরপত্র এবং প্রশংসাপত্র ফেরত দেয়া যেতে পারে। তবে বিশ্ববিদ্যালয়/কলেজ কর্তৃপক্ষ যখনই চাইবে ছাত্র/ছাত্রী তখনই তার মূল নম্বরফর্দ এবং প্রশংসাপত্র দাখিল করতে বাধ্য থাকবে।

(খ) ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন ও বিবরণী ফরম ও নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ কার্যালয় হতে আগামী ২০-১১-৯৩ তারিখে বিতরণ করা হবে।

ফিরোজ আহমদ আখতার
রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয়।

ডিএফপি(স)-১৯৩৫৭-২২/১১
জি-৮৪২৯